

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০৩৩.২২৩.১৭-১১২২

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯
১৩ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **শুনানীতে অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সঞ্জুরী ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং ১৬০) এর বিরুদ্ধে সৌদিআরবে বাড়ি/হোটেলগ পরিদর্শন কমিটির প্রতিবেদনে বিরূপ মন্তব্যসহ লাগেজ সংক্রান্ত নিম্নোক্ত অভিযোগ তদন্তের নিমিত্ত তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মো. কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ২১/০৯/২০২২খ্রি. তারিখ, সকাল ৯.৩০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাঁকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমানকসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তঁার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তিনি বা তাঁরা কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

অভিযোগকারীর নাম ও ঠিকানা	অভিযুক্ত এজেন্সি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
অভিযোগকারী (লাগেজ বিষয়ে) (১) জনাব মো: শাহ আলম মুন্সি (পিআইড: ০১৬০০২০, পাসপোর্ট: EA03838790; মোবা: ০১৭১৭১৮৩১৪৪)।	সঞ্জুরী ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং ১৬০)	(১) সরেজমিন পরিদর্শনে বিদ্যমান সমস্যাসমূহ দ্রুততম সময়ের মধ্যে সমাধানের জন্য (বাসের ব্যবস্থা করা, হাউজ কিপিং সার্ভিসের জন্য জনবল বৃদ্ধি, লিফট ঠিক করা) এজেন্সি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। (২) জনাব মো: শাহ আলম মুন্সি গত ৩০.০৬.২০২২ তারিখে মক্কাতে হজ পালন করতে এসেছেন। অনেক খোজাখুজির পরও তাঁর লাগেজ (কালো রং, বড়) পাওয়া যায়নি। হজ মিশন আইটি প্রতিষ্ঠানকে জানিয়েছেন। আইটি প্রতিষ্ঠান একই ফ্লাইটে আগত হাজীদের হোটেলের ঠিকানা দিয়েছিলেন। কিন্তু সেই হোটেলের লাগেজ পাওয়া যায়নি। উক্ত লাগেজটি খোজে বের করার যথাযথ ব্যবস্থা গ্রহণ বা ক্ষতিপূরণ পাওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন।

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯

e-mail:morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):

১. জনাব শেখ আব্দুল্লাহ, স্বত্বাধিকারী, সঞ্জুরী ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং ১৬০), শানজারি টাওয়ার (১ম ফ্লোর, ৭৮, নয়াপল্টন (মসজিদ গলি), ঢাকা-১০০০।
২. জনাব মো: শাহ আলম মুন্সি, (অভিযোগকারী) (পিআইড: ০১৬০০২০, পাসপোর্ট: EA03838790; মোবা: ০১৭১৭১৮৩১৪৪) {উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো}

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০৩৩.২২৩.১৭-১১২২

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯
১৩ সেপ্টেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য}
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব